SCHOOL ACCOLADES
CLASS : STANDARD 3
SUBJECT : BANGLA
WORKSHEET OF 2ND TERM
WEEK 2 (9 June to 14 June 2021)

শব্দার্থ :
প্রতিবেশী – পড়শি, কাছাকাছি বসবাস করে যারা।
পালক – পাখির শরীর বা পাখার আবরণ।
পোঁচ – মাখানো, লেপা।
ছোপ – দাগ, রং।
ঝুঁটি – খোঁপা, মাথার ওপরে গোছা করে বাঁধা চুল।
শখ – পছন্দ, আগ্রহ।
ঝাঁক – পাখি, মাছ, মাছি ইত্যাদির দল বা পাল।
তাঁতি – কাপড় বোনে যে।
চঞ্চল – স্থির নয় যা ।
স্থির - অবিচল ।

প্রশ্ন উত্তর :

ক) কোন কোন পাখি গান গাইতে পারে ?

উত্তর : আমাদের চারপাশে অনেক পাখি দেখা যায়। তারা নানা সুরে ডাকাডাকি করে। এদের মধ্যে ময়না, দোয়েল ও বাবুই পাখি গান গাইতে পারে।

খ) মানুষের কথা নকল করতে পারে কোন পাখি ?

উত্তর : চারপাশে অনেক পাখি দেখা যায়। তারা নানা সুরে ডাকাডাকি করে। এর মধ্যে ময়না, টিয়া ও তোতা পাখি মানুষের কথা নকল করতে পারে।

গ) কোন কোন পাখিকে ছোট পাখি বলা হয় ?

উত্তর :আমাদের চারপাশে অনেক পাখি দেখা যায়। এদের মধ্যে কোন পাখি ছোট আবার কোন পাখি বড়। বাবুই, বুলবুলি ও দোয়েল পাখিকে ছোট পাখি বলা হয়।

ঘ) তাঁতি পাখি কোনটি ? এদের তাঁতি পাখি বলা হয় কেন ?

উত্তর : বাবুই তাঁতি পাখি। এটা খুব সুন্দর করে বাসা বানাতে পারে। সরু সরু আঁশ দিয়ে তারা সুন্দর বাসা বুনতে পারে বলে বাবুইকে তাঁতি পাখি বলা হয়। একে শিল্পী পাখিও বলা হয়।

চ) কোকিল কোন সময় ডাকে ?

উত্তর : আমাদের চেনা পাখি কোকিল। সুরেলা কন্ঠ তার কোকিল বসন্তকালে ডাকে।

ছ) টুনটুনিকে চঞ্চল পাখি বলা হয় কেন ?

উত্তর : টুনটুনি পাখি কোথাও স্থির হয়ে বসে না। এরা ছাট ছোট গাছে নেচে বেড়ায়। তাঁই টুনটুনিকে চঞ্চল পাখি বলা হয়।

বিপরীত শব্দ :

মূল শব্দ	বিপরীত শব্দ
অলস	পরিশ্রমী
আদেশ	নিষেধ
উপকার	অপকার
অস্ত	উদয়
আশা	নিরাশা
জয়	পরাজয়
দিবা	নিশি
দান	গ্রহণ
জানা	অজানা
কুখ্যাত	বিখ্যাত

অনুচ্ছেদ : স্বাধীনতা দিবস

২৬শে মার্চ আমাদের মহান স্বাধীনতা দিবস। ১৯৭১ সালের এ দিনে বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। এ ঘোষণার পরই এ দেশের বীর সন্তানেরা মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন। দীর্ঘ নয় মাস সেই রক্তক্ষয়ী যুদ্ধে প্রায় ত্রিশ লাখ মানুষ শহিদ হন। তাঁদের আত্মত্যাগের বিনিময়ে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়। তারপর থেকে আমরা প্রতি বছর ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস পালন করি, বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করি।